# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৭২

১/ বিবিধ

আরবী

أمر صلى الله عليه وسلم الشمس أن تتأخر ساعة من النهار، فتأخرت ساعة من النهار

ضعيف

أخرجه أبو الحسن شاذان الفضلي في " جزئه في طرق حديث رد الشمس لعلي رضي الله عنه " من طريق محفوظ بن بحر: حدثنا الوليد بن عبد الواحد: حدثنا معقل بن عبيد الله عن أبي الزبير عن جابر بن عبد الله مرفوعا

ذكره السيوطي في " اللآلىء " كشاهد لحديث أسماء بنت عميس الذي قبله ثم قال: " وأخرجه الطبراني في " الأوسط " من طريق الوليد بن عبد الواحد به، وقال: لم يرو هـ عن أبي الزبير إلا معقل ولا عنه إلا الوليد ". وسكت عليه السيوطي، وقال الهيثمي في " المجمع " (8 / 297) ، وتبعه الحافظ في " الفتح " (6 / 155)

رواه الطبراني في " الأوسط "، وإسناده حسن "! وهذا عجيب من هذين الحافظين، إذ كيف يكون الإسناد المذكور حسنا وفيه العلل الآتية: أولا: أبو الزبير مدلس معروف بذلك وقد عنعنه وقد وصفه بذلك الحافظ نفسه في " التقريب "، وفي " طبقات المدلسين "، وقال الذهبي في ترجمته من " الميزان " بعد أن ذكر أنه عند العلماء ممن يدلس: " وفي صحيح مسلم عدة أحاديث مما يوضح فيها أبو الزبير السماع من جابر، ولا هي من طريق الليث عنه، ففي القلب منها شيء

فإذا كان هذا حال ما أخرجه مسلم معنعنا، فماذا يقال فيما لم يخرجه هو ولا غيره من

سائر الكتب الستة، ولا أصحاب المسانيد كهذا الحديث؟!
ثانيا: الوليد بن عبد الواحد، مجهول لا يعرف ولم يرد له ذكر في شيء من كتب الرجال المعروفة، كـ " التهذيب " و" التقريب " و" الميزان " و" اللسان " و" التعجيل " و" الجرح والتعديل " و" تاريخ بغداد "، وقد تفرد بهذا الحديث كما سبق عن الطبراني فكيف يحسن إسناد حديثه؟! ثالثا: محفوظ بن بحر، قال ابن عدي في " الكامل " (ق 399 ـ 400) : " سمعت أبا عروبة يقول: كان يكذب "، ثم قال: " له أحاديث يوصلها وغيره يرسلها، وأحاديث يرفعها وغيره يوقفها على الثقات
قلت: وغالب الظن أن رواية الطبراني تدور عليه أيضا، ويؤسفني أن السيوطي لم يسق إسناده بكامله، كما تقدم، فإن كان الأمر كما ظننت فالإسناد موضوع، وإن كان على خلافه فهو ضعيف في أحسن أحواله، لتحقق العلتين الأوليين فيه. ومن ذلك يتبين خطأ الهيثمي والعسقلاني في تحسينهما إياه وكذا سكوت السيوطي عليه، والموفق الله تبارك وتعالى. (تنبيه) : قد جاءت أحاديث وآثار في رد الشمس لطائفة من الأنبياء، ولا يصح من ذلك شيء إلا ما في الصحيحين وغيرهما أن الشمس حبست ليوشع عليه السلام، قد بينت ذلك في " سلسلة الأحاديث الصحيحة " رقم (202)

বাংলা

৯৭২। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্যকে দিনের কিছু সময়ের জন্য (অস্ত যেতে) দেরী করতে বললেন। ফলে সূর্য দিনের কিছু সময় (অস্ত যেতে) দেরি করল।

হাদীছটি দুর্বল।

এটি আবুল হাসান শাযান আল-ফাযলী মাহফুয ইবনু বাহার সূত্রে ওয়ালীদ ইবনু আব্দিল ওয়াহেদ হতে তিনি মাকাল ইবনু ওবায়দুল্লাহ হতে তিনি আবুয যুবায়ের হতে তিনি জাবের (রাঃ) হতে মারফূ’ হিসাবে বর্ণনা করেন।

হাদিসটি সুয়ূতি "আল-লা’আলী" গ্রন্থে পূর্বের হাদিসটির শাহেদ হিসাবে উল্লেখ করে বলেছেনঃ

এটিকে তাবারানী "আল-আওসাত" গ্রন্থে ওয়ালীদ ইবনু আব্দিল ওয়াহেদ সূত্রে বর্ণনা করেছেন। তিনি আরো

বলেনঃ আবুয যুবায়ের হতে মা’কাল ছাড়া আর মাকাল হতে ওয়ালীদ ব্যতীত অন্য কেউ বর্ণনা করেননি।

সুয়ূতী হাদীছটির উপর হুকুম লাগানো হতে চুপ থেকেছেন। হায়ছামী "আল-মাজমা" (৮/২৯৭) গ্রন্থে বলেনঃ হাফিয ইবনু হাজার "ফাতহুল বারী" (৬/১৫৫) গ্রন্থে তার অনুসরণ করেছেন। হাদীছটি তাবারানী "আল-আওসাত" গ্রন্থে বর্ণনা করেছেন। তার সনদটি হাসান।

দুই হাফিয হতে এরূপ মন্তব্য আশ্চর্যজনক ব্যাপারই বটে। কিভাবে সনদটি হাসান যাতে নিম্নলিখিত সমস্যাগুলো রয়েছেঃ

১। আবুয যুবায়ের মুদল্লিস হিসাবে পরিচিত। তিনি আন্ আন্ করে বর্ণনা করেছেন। হাফিয ইবনু হাজার নিজে "আত-তাকরীব" এবং "তাবাকতুল মুদাল্লেসীন" গ্রন্থে তার সম্পর্কে এরূপ বর্ণনা দিয়েছেন। মুদাল্লিস হওয়া সম্পর্কে আলেমদের মন্তব্যগুলো উল্লেখপূর্বক বলেছেনঃ

সহীহ মুসলিমে কতিপয় হাদীছ এসেছে যেগুলোতে জাবের (রাঃ) হতে আবুয যুবায়ের তার শ্রবণকে স্পষ্টভাবে উল্লেখ করেননি। সে হাদীছগুলো তার থেকে লাইছ সূত্রেও বর্ণিত নয়...।

যদি ইমাম মুসলিম কর্তৃক বর্ণিত তার হাদীছের অবস্থা এই হয়, তাহলে যে হাদীছ ছয়টি হাদীছ গ্রন্থের কোন মুহাদ্দিছ ও মাসানীদ রচনাকারীগণ বর্ণনা করেননি যেমন এ আলোচ্য হাদীছটি তাহলে তার হাদীছটির অবস্থা সে ক্ষেত্রে কী হতে পারে?

২। ওয়ালীদ ইবনু আব্দিল ওয়াহেদ মাজহুল, তাকে চেনা যায় না। কোন প্রসিদ্ধ গ্রন্থেও তার জীবনী উল্লেখ করা হয়নি। তিনি এককভাবে হাদীছটি বর্ণনা করেছেন। কিভাবে তার হাদীছটি হাসান?

৩। মাহফুয ইবনু বাহার, ইবনু আদী “আল-কামিল” (কাফ ৩৯৯-৪০০) গ্রন্থে বলেনঃ আমি আবু আরবাহকে বলতে শুনেছিঃ তিনি মিথ্যা বলতেন।

সতর্কবাণীঃ একদল নবীর ক্ষেত্রে সূর্য ফিরিয়ে দেয়ার বিষয়ে কতিপয় হাদীছ ও আছার বর্ণিত হয়েছে। তার মধ্য হতে কোনটিই সহীহ নয়। একমাত্র ইউশা’ (আঃ)-এর ক্ষেত্রে সূর্যকে স্থির রাখার বিষয়ে বুখারী ও মুসলিমে যে হাদীছ বর্ণিত হয়েছে সেটিই সহীহ। আমি এটিকে "সিলসিলাতুল আহাদীছিস সাহীহাহ" গ্রন্থে (নং ২০২) বর্ণনা করেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71851

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন